


স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের "সিনিয়র স্টাফ নার্স" [১০ম গ্রেড] পদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০১৯.১৯(অংশ-৪)-১৯৬

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭ / ১১ মার্চ ২০২১

**বিষয় : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের "সিনিয়র স্টাফ নার্স" [১০ম গ্রেড] পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।**

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের **সিনিয়র স্টাফ নার্স** [১০ম গ্রেড] পদে বাছাই পরীক্ষায় উত্তীর্ণ ১৫২২৮ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নে উল্লিখিত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ | লিখিত পরীক্ষার তারিখ ও সময় | ক্রমিক নম্বর | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| সিনিয়র স্টাফ নার্স [১০ম গ্রেড] [বিজ্ঞপ্তির তারিখ : ০১.০৩.২০২০] | ১০.০৪.২০২১ (শনিবার) বেলা ১.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা। | ০০০০০২ থেকে ০০২৩৮৯ | ১২০০ জন |
| | | ২. | নিউ মডেল বহুমুখী উচ্চ বিদ্যালয়, শুক্রাবাদ (রাসেল স্কয়ার), ঢাকা। | ০০২৩৯১ থেকে ০০৪০০২ | ৮৫০ জন |
| | | ৩. | তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা। | ০০৪০০৩ থেকে ০০৫৬৮৭ | ৯০০ জন |
| | | ৪. | তেজগাঁও কলেজ, ১৬ ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা। | ০০৫৬৮৮ থেকে ০০৮৫৩৯ | ১৫০০ জন |
| | | ৫. | লালমাটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়, ৯/১৫, ব্লক-ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা। | ০০৮৫৪০ থেকে ০১০৬৭৫ | ১১০০ জন |
| | | ৬. | মোহাম্মদপুর মহিলা কলেজ, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা। | ০১০৬৭৬ থেকে ০১২৮০৯ | ১২০০ জন |
| | | ৭. | হাজী আশ্রাফ আলী হাই স্কুল, ৮৮৪/১, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা। | ০১২৮১৩ থেকে ০১৪২৬৯ | ৮৫০ জন |
| | | ৮. | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা। | ০১৪২৭১ থেকে ০১৫৩২২ | ৬০০ জন |
| | | ৯. | বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি, শেরেবাংলা নগর, ঢাকা। | ০১৫৩২৩ থেকে ০১৭০০০ | ১০০০ জন |
| | | ১০. | সরকারি বিজ্ঞান কলেজ, তেজগাঁও, ঢাকা। | ০১৭০০১ থেকে ০১৯৩২৫ | ১৪০০ জন |
| | | ১১. | সরকারি রূপনগর মডেল স্কুল এন্ড কলেজ, রূপনগর, আ/এ, রোড-১৬, মিরপুর, ঢাকা। | ০১৯৩২৬ থেকে ০২১১৯৯ | ১০০০ জন |
| | | ১২. | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা। | ০২১২০৩ থেকে ২০১১৬৮ | ৮২৮ জন |
| | | ১৩. | আলহাজ্ব মকবুল হোসেন বিশ্ববিদ্যালয় কলেজ, কাদেরাবাদ, হাউজিং, কাটাসুর, মোহাম্মদপুর, ঢাকা। | ২০১১৭৩ থেকে ৪০০২৭৫ | ৮০০ জন |
| | | ১৪. | মিরপুর বাংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (বালক শাখা), সেকশন-১১, পল্লবী, ঢাকা। | ৪০০২৭৭ থেকে ৭০০৬৭৫ | ১২০০ জন |
| | | ১৫. | মিরপুর বাংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (বালিকা শাখা), সেকশন-১১, পল্লবী, ঢাকা। | ৭০০৬৭৬ থেকে ৮০০৯৯৯ | ৮০০ জন |

ক্রমশ://২

## পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

০১. **প্রার্থীদের স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।**

০২. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত বাছাই (MCQ) পরীক্ষার প্রবেশপত্রসহ প্রার্থীদের **সিনিয়র স্টাফ নার্স** [১০ম গ্রেড] পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

০৩. কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

০৪. মোবাইল ফোন, কোনো ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র, হাতঘড়ি, বই-পুস্তক, অর্নামেন্টস, ব্যাগসহ কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, কোনো ধরণের যোগাযোগ যন্ত্র বা হাতঘড়ি পাওয়া গেলে উক্ত প্রার্থীকে বহিস্কারপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

০৫. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

০৬. প্রার্থীদের বাংলা-৪০ নম্বর, ইংরেজি-৪০ নম্বর, সাধারণ জ্ঞান-৪০ নম্বর ও টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা নিষিদ্ধ। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

০৭. পরীক্ষার্থীদের একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীদের বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।

০৮. হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে প্রার্থীর স্বাক্ষর একই হতে হবে।

০৯. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

২১/৬/২০২২

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
[যুগ্মসচিব]